**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৯৬/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১৫ নভেম্বর ২০১৭, ১ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রীর নামে সেনানিবাস হচ্ছে : একনেকে ১০ প্রকল্প অনুমোদন

২। ৭ মার্চের ভাষণ বাঙালি জাতির অস্তিত্ব ও ইতিহাস : প্রধানমন্ত্রী
ইউনেস্কোকে ধন্যবাদ জানিয়ে সংসদে প্রস্তাব গ্রহণ

৩। অর্থনৈতিক ভারসাম্যে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে : সংসদে অর্থমন্ত্রী

৪। দেশের মাথাপিছু আয় ১৬১০ মার্কিন ডলার : পরিকল্পনামন্ত্রী

৫। অচিরেই মোবাইল হ্যান্ডসেট রপ্তানি করা সম্ভব হবে :সংসদে টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

৬। উন্নয়ন প্রকল্প স্বচ্ছতার সঙ্গে সম্পন্ন করার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৭। বাংলাদেশি শান্তিরক্ষীদের প্রশংসা করলেন জাতিসংঘের মিলিটারি এডভাইজার

৮। ২৫ মার্চ পাকবাহিনীর আক্রমণ প্রতিরোধকারী পুলিশসদস্যদের সম্মাননা

৯। মায়েদের ডায়াবেটিস প্রতিরোধে সচেতন হওয়ার আহ্বান মহিলাবিষয়ক প্রতিমন্ত্রীর

চলমান পাতা-২

**১। প্রধানমন্ত্রীর নামে সেনানিবাস হচ্ছে : একনেকে ১০ প্রকল্প অনুমোদন**

পায়রা নদীর লেবুখালী তীরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে নতুন সেনানিবাস নির্মাণসহ মোট ১০টি প্রকল্পের চূড়ান্ত অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হবে ৩ হাজার ৩৩৩ কোটি ৬৬ লাখ টাকা। এর মধ্যে সরকারি অর্থায়ন থেকে ব্যয় করা হবে ৩ হাজার ৩১৮ কোটি ৩৯ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থায়নে ব্যয় হবে ১৫ কোটি ২৭ লাখ টাকা। গতকাল (১৪ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ প্রকল্পগুলোর অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.২)।

**২। ৭ মার্চের ভাষণ বাঙালি জাতির অস্তিত্ব ও ইতিহাস : প্রধানমন্ত্রী**
**ইউনেস্কোকে ধন্যবাদ জানিয়ে সংসদে প্রস্তাব গ্রহণ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ বাঙালি জাতির অস্তিত্ব, বাঙালি জাতির ইতিহাস। এ ভাষণ এ দেশের মানুষকে মুক্তিযুদ্ধে উদ্বুদ্ধ করেছিল। এ ভাষণের মধ্য দিয়ে বঙ্গবন্ধু শুধু স্বাধীনতার ঘোষণাই দেননি, বাংলার মানুষকে অর্থনৈতিক মুক্তি দিতে চেয়েছেন। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করায় জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা ইউনেস্কোকে ধন্যবাদ জানিয়ে সংসদে আনা প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। গতকাল (১৪ নভেম্বর মঙ্গলবার) এ নিয়ে সাধারণ আলোচনার পর সর্বসম্মতভাবে প্রস্তাব গৃহীত হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি** স্টার (পৃ.২,ক.১)।

**৩। অর্থনৈতিক ভারসাম্যে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে : সংসদে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বৈশ্বিক ও অভ্যন্তরীণ প্রতিকূলতা সত্ত্বেও দেশের অব্যাহত সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা ও ভারসাম্যে বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠার লক্ষ্যে তাঁরই কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে দিন বদলের সনদ রচনা করেছেন, অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জনের রোডম্যাপ সে সনদে প্রথিত হয়েছে। গতকাল (১৪ নভেম্বর মঙ্গলবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে অর্থমন্ত্রী আরও জানান, আগামী অর্থবছরে প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৭ দশমিক ৪ শতাংশ, যা বিগত তিন দশকের মধ্যে সর্বোচ্চ। চলতি বছরের এপ্রিল পর্যন্ত প্রবাসী বাংলাদেশিদের প্রেরিত রেমিটেন্সের পরিমাণ ৪ হাজার ৫৫০ মিলিয়ন মার্কিন ডলার, যা গত বছরের একই সময়ের তুলনায় ৬ দশমিক ৯ শতাংশ বেশি। অর্থমন্ত্রী বলেন, চলতি বছরের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত দেশে কার্যরত বেসরকারি ব্যাংকের সংখ্যা ৪৯টি। চলতি অর্থবছরের সেপ্টেম্বর পর্যন্ত দেশের সরকারি-বেসরকারি ব্যাংকগুলো কৃষকদের মধ্যে ২ হাজার ৭৬০ কোটি ৪৯ লাখ টাকা কৃষি ও পল্লিঋণ বিতরণ করেছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৮)।

**৪। দেশের মাথাপিছু আয় ১৬১০ মার্কিন ডলার : পরিকল্পনামন্ত্রী**

বর্তমানে দেশের মাথাপিছু আয় বেড়ে হয়েছে ১৬১০ মার্কিন ডলার। প্রতি ডলার ৮০ টাকা ধরে বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় ১ লাখ ২৮ হাজার ৮০০ টাকা। জাতীয় আয় বাড়ার পাশাপাশি মানুষের ক্রয়ক্ষমতাও বেড়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) চূড়ান্ত হিসাবে গত ২০১৬-১৭ অর্থবছরে দেশের প্রবৃদ্ধি হয়েছে ৭ দশমিক ২৮ শতাংশ। গতকাল (১৪ নভেম্বর মঙ্গলবার) শেরে বাংলানগরস্থ এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত একনেক বৈঠকশেষে এক প্রেস ব্রিফিংয়ে পরিকল্পনা মন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এ চূড়ান্ত হিসাব তুলে ধরেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **যায়যায়দিন** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৫। অচিরেই মোবাইল হ্যান্ডসেট রপ্তানি করা সম্ভব হবে :সংসদে টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী এডভোকেট তারানা হালিম সংসদে জানিয়েছেন, দেশে প্রতি বছর ৩ কোটি হ্যান্ডসেট আমদানি করতে হচ্ছে। এতে ৮ হাজার কোটি টাকা বৈদেশিক মুদ্রা বিদেশে চলে যাচ্ছে। প্রতিমন্ত্রী বলেন, মোবাইল সেটের অবৈধ আমদানি বন্ধ করতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় টেলিফোন শিল্প সংস্থার (টেশিস) মাধ্যমে সরকার মোবাইল ফোন সেট উৎপাদন ও বিপণনের উদ্যোগ নিয়েছে। ২০১৪ সালে এ ব্যাপারে ওকে মোবাইল লি. ও টেশিস'র মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি মোতাবেক টেশিসে মোবাইল ফোন সেট উৎপাদন ও সংযোজন প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। এ পর্যন্ত ৩৭ হাজার মোবাইল ফোন সেট এবং ৮শ' ট্যাব উৎপাদন ও সংযোজন করে বাজারজাত করা হয়েছে। প্রতিমন্ত্রী আরও জানান, বর্তমানে দেশে ২ হাজার ৭৫০টি পোস্ট অফিসে ইএমটিএস (মোবাইলের মাধ্যমে টাকা প্রেরণ) সেবা চালু আছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **যায়যায়দিন** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.২)।

**৬। উন্নয়ন প্রকল্প স্বচ্ছতার সঙ্গে সম্পন্ন করার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম স্বাস্থ্যখাতের উন্নয়ন প্রকল্পসমূহ সর্বোচ্চ স্বচ্ছতা, নিষ্ঠা ও দ্রুততার সাথে সম্পন্ন করার নির্দেশ দিয়ে বলেছেন, স্বাস্থ্যখাতের ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতাকে সর্বাধিক প্রাধান্য দেওয়া উচিত। গতকাল (১৪ নভেম্বর মঙ্গলবার) সচিবালয়ে স্বাস্থ্যখাতের বার্ষিক উন্নয়ন কর্মসূচির অগ্রগতি পর্যালোচনাসভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩)।

**৭। বাংলাদেশি শান্তিরক্ষীদের প্রশংসা করলেন জাতিসংঘের মিলিটারি এডভাইজার**

শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের অব্যাহত ও সাফল্যমণ্ডিত ভূমিকা এবং বিভিন্ন মিশনে কর্মরত বাংলাদেশি শান্তিরক্ষীদের পেশাগত দক্ষতা ও নিবেদিত দায়িত্বপালনের ভূয়সী প্রশংসা করেছেন জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের মিলিটারি এডভাইজার লেফটেন্যান্ট জেনারেল কার্লোস হামবার্টো লইটি। এছাড়াও তিনি সম্প্রতি জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে শান্তিরক্ষী প্রেরণকারী দেশগুলোর মধ্যে বাংলাদেশ দ্বিতীয় অবস্থানে উন্নীত হওয়ায় অভিনন্দন জানান। জাতিসংঘ সদরদফতরে গত ১৩ নভেম্বর সোমবার বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মো. মোজাম্মেল হক খানের সঙ্গে বৈঠককালে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

**৮। ২৫ মার্চ পাকবাহিনীর আক্রমণ প্রতিরোধকারী পুলিশসদস্যদের সম্মাননা**

স্বাধীনতার সূর্যসন্তান, মুক্তিযুদ্ধে পুলিশ সদস্যদের ভূমিকার স্বীকৃতিস্বরূপ প্রথম প্রতিরোধকারী বীর পুলিশ যোদ্ধাদের সম্মাননা জানানো হয়েছে। গতকাল (১৪ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর রমনায় পুলিশ কনভেনশন হলে মুক্তিযুদ্ধে প্রথম প্রতিরোধ যোদ্ধাদের এ সম্মাননা প্রদান করা হয়। বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল একেএম শহীদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। মুক্তিযুদ্ধে পুলিশের বীরত্বপূর্ণ ভূমিকা অনস্বীকার্য উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, '১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে প্রথমেই রাজারবাগে সশস্ত্র প্রতিরোধ গড়ে তুলেছিলেন দায়িত্বরত পুলিশ সদস্যরা।' সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১)।

**৯। মায়েদের ডায়াবেটিস প্রতিরোধে সচেতন হওয়ার আহ্বান মহিলাবিষয়ক প্রতিমন্ত্রীর**

মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, আমাদের মায়েদের অনেক সময় সঠিক যত্ন নেওয়া হয় না। তাই একটি মাও যেনো সন্তান হওয়ার পরে অসচেতনতার কারণে ডায়াবেটিস রোগে না ভোগে, এ ব্যাপারে আমাদের সোচ্চার ভূমিকা রাখতে হবে। গতকাল (১৪ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর বারডেম হাসপাতালের মিলনায়তনে বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে এক আলোচনাসভায়

প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র- **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.৫,ক.১),**ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, যায়যায়দিন :** দেশে অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহার বৃদ্ধি পাওয়ায় তা রোগ নিরাময়ে কার্যকারিতা হারিয়ে ফেলছে উল্লেখ করে এ ব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

খ. **প্রথম আলো, যুগান্তর :** জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) পাঠ্যবই প্রণয়ন, ছাপা ও বিতরণের প্রক্রিয়ায় জবাবদিহিতা না থাকাতে অনিয়ম ও দুর্নীতি হচ্ছে-টিআইবির এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হওয়ার প্রেক্ষিতে অভিযুক্ত দুর্নীতিবাজ চক্রের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানের স্কুলগুলোতে এসএসসি ও সমমানের পরীক্ষার ফরম পূরণে বাড়তি ফি আদায়ের অভিযোগ আমলে নিয়ে বাড়তি ফি আদায়কারী শিক্ষাপ্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **ভোরের কাগজ :** ঢাকার দুই সিটি করপোরেশন কর্তৃপক্ষকে হোল্ডিং ট্যাক্স বাড়ানোর সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** নিত্যপণ্যের দামের ঊর্ধ্বগতির কারণে সাধারণ মানুষের দুর্ভোগ বেড়েই চলছে উল্লেখ করে মূল্য নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** ঢাকাকে পরিকল্পিতভাবে গড়ে তুলতে সংশোধিত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) বাস্তবায়নে ঢাকার জলাধারগুলো সংরক্ষণে সংশ্লিষ্ট সকলকে সমন্বয়ের মাধ্যমে এগিয়ে যেতে পরামর্শ।

ছ. **অবজারভার :** সাম্প্রতিককালে শিশুদের প্রতি নৃশংস ও সহিংস আচরণের কথা উল্লেখ করে শিশুর শারীরিক ও মানসিক বিকাশে সকল আইন প্রয়োগকারী সংস্থাকে সমন্বিতভাবে ‘চিলড্রেন অ্যাক্ট- ২০১৩’ জরুরিভিত্তিতে বাস্তবায়নের সুপারিশ।

জ. **ইন্ডিপেনডেন্ট, সমকাল :** বিশ্বব্যাপী মহামারী আকারে ছড়িয়েপড়া অসংক্রামক ব্যাধি ডায়াবেটিস রোগ প্রতিরোধে প্রাথমিক পর্যায়ে এ রোগ শনাক্তকরণে সচেতনতা গড়ে তুলতে মোবাইল ফোনের মতো তথ্যপ্রযুক্তির অন্যান্য প্রযুক্তি ব্যবহারে সংশ্লিষ্টদের আহ্বান।

ঝ. **নিউ এজ :** বহু অমুক্তিযোদ্ধা সরকারের কাছ থেকে ভাতা পাচ্ছেন এমন বিষয়কে অগ্রহণযোগ্য উল্লেখ করে জাতির বৃহত্তর স্বার্থে প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা তৈরি করতে সরকারকে সচেতন হওয়ার পরামর্শ দিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অবক্ষয়, অস্থিরতা ও অনিশ্চয়তা থেকে আগামী প্রজন্মকে রক্ষা করতে প্রথমেই শিক্ষাব্যবস্থার অনিয়ম-দুর্নীতি, বৈষম্য, অস্বচ্ছতা ও বাণিজ্যিক প্রবণতা রোধ করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **‘কৃষকদের অধিকার নিশ্চিত করুন’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কৃষক যাতে তাদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য পায়, তা নিশ্চিত করতে হবে।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৭